



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

www.duet.ac.bd

স্মারক নং-চাপ্রপ্রবি/প্রশা/পদোন্নতি/৩৮৬/২০১১

তারিখ : ২৬/০৭/২০২৬ খ্রি:

অভ্যন্তরীণ নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এর অনুমোদিত অর্গানোগ্রামভুক্ত যে সকল বিভাগ/অফিস এর সিনিয়র অফিস এসিসটেন্ট কাম কম্পিউটার অপারেটর (কনভার্টিবল) পদ আছে সে সকল বিভাগ/অফিস এর যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন অফিস এসিসটেন্ট কাম কম্পিউটার অপারেটরদের নিকট হইতে নিম্নরূপ শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

ক্র. নং	পদের নাম, বিভাগ, বৈতনিক স্কেল ও গ্রেড	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১)	(২)	(৩)
১।	সিনিয়র অফিস এসিসটেন্ট কাম কম্পিউটার অপারেটর (কনভার্টিবল পদ) ৳ ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩)	প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচএসসি পাশ সহ কম্পিউটারে বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে কমপক্ষে যথাক্রমে ২৫(পঁচিশ) ও ৩৫ (পঁয়ত্রিশ) শব্দ টাইপ করার ক্ষমতা থাকিতে হইবে। দাপ্তরিক কাজ সহ কম্পিউটার পরিচালনা, ডাটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং ও স্প্রেডশীট ব্যবহারের দক্ষতা থাকিতে হইবে। কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত এবং সেক্রেটারিয়াল সায়েন্সে প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। বিশেষ শর্তঃ (১) স্নাতক ডিগ্রীধারীদের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন) বৎসর দক্ষতা ও সন্তোষজনক চাকুরীর রেকর্ডের সাথে অফিস এসিসটেন্ট কাম কম্পিউটার অপারেটর পদে চাকুরীর পর অভ্যন্তরীণ সিলেকশন বোর্ডের মাধ্যমে ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) স্কেলে সিনিয়র অফিস এসিসটেন্ট কাম কম্পিউটার অপারেটর (কনভার্টিবল) পদে উন্নীত হইবে। অথবা (২) এইচএসসি পাশ প্রার্থীদের ক্ষেত্রে কমপক্ষে ৫(পাঁচ) বৎসর দক্ষতা ও সন্তোষজনক চাকুরীর রেকর্ডের সাথে অফিস এসিসটেন্ট কাম কম্পিউটার অপারেটর পদে চাকুরীর পর অভ্যন্তরীণ সিলেকশন বোর্ডের মাধ্যমে ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) স্কেলে সিনিয়র অফিস এসিসটেন্ট কাম কম্পিউটার অপারেটর (কনভার্টিবল) পদে উন্নীত হইবে।

শর্তাবলী :

- ০১। অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত অগ্রহী প্রার্থীকে আগামী ১৭/০৮/২০২৬ খ্রি: তারিখ সোমবার রাত ১১:৫৯ মিনিটের মধ্যে অনলাইনে আবেদন করিতে হইবে।
- ০২। আবেদনকারী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের <https://career.duetbd.org/> ওয়েবসাইটে প্রবেশ করে Create Applicant Account এ ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদানপূর্বক একটি একাউন্ট তৈরী করে প্রার্থীত পদের আবেদনপত্র Submit করতে হবে এবং How to pay? বাটনে ক্লিক করে পেমেন্ট সম্পর্কিত নির্দেশনা অনুসরণপূর্বক প্রার্থীকে প্রার্থীত পদের জন্য আবেদন ফি বাবদ ১০০/- টাকা বিকাশ মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে পরিশোধ করিতে হইবে।
- ০৩। Online-এ আবেদন পত্র Submit করার পর Online-এ Generated আবেদন পত্র Print করে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ সকল সনদপত্র ও অন্যান্য ডকুমেন্ট (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধনপত্র, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত চরিত্র সম্পর্কিত প্রসংশাপত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্রাদি ও নম্বরপত্রের সত্যায়িত কপি) এর হার্ড কপি ০৫ সেট করিয়া পূর্ণাঙ্গ আবেদন আগামী ১৭/০৮/২০২৬ খ্রি: তারিখ সোমবার অফিস চলাকালীন সময়ে বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে “রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর” এর বরাবর পৌছাইতে হইবে।
- ০৪। বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-চাপ্রপ্রবি/৬৬৬; তারিখ : ৩১/০৩/২০১৪ খ্রি. মোতাবেক জারীকৃত নিয়োগের সাধারণ নিয়মাবলী সম্পর্কিত প্রজ্ঞাপন অনুযায়ী অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিল করা যাইতে পারে।
- ০৫। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- ০৬। যোগ্য/প্রাথমিক বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান টেলিফোন/এসএমএস-এর মাধ্যমে জানানো হইবে। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
- ০৭। সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় আবেদনকারীকে সকল সনদ ও সংশ্লিষ্ট পত্রাদির মূল কপিসহ উপস্থিত থাকিতে হইবে।
- ০৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করিতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করিতে বাধ্য থাকিবে না। দরখাস্তের সঙ্গে দাখিলকৃত কোন কাগজপত্র/পে-অর্ডার/ডিডি/মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে গ্রহণকৃত অর্থ ফেরত প্রদান করা হইবে না।
- ০৯। সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নিয়োগ পাওয়ার পর নিজ কিংবা পরিবারের কোন সদস্যের জন্য যৌতুক নিবেন না এবং দিবেন না মর্মে ‘অঙ্গীকারনামা’ প্রদান করিতে হইবে।
- ১০। নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।
- ১১। অভিজ্ঞতা বলিতে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থা/সেক্টর কর্পোরেশন ইত্যাদি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা বুঝাইবে। কোন প্রাইভেট/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের কাজের অভিজ্ঞতাকে অভিজ্ঞতা হিসাবে গণ্য করা হইবে না।

স্মারক নং-চাপ্রপ্রবি/প্রশা/পদোন্নতি/৩৮৬/২০১১

সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি:-

- ০১। পিএস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), ডুয়েট, গাজীপুর;
- ০২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), ডুয়েট, গাজীপুর;
- ০৩। ডীন, সকল অনুষদ, ডুয়েট, গাজীপুর;
- ০৪। সকল-বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান, ডুয়েট, গাজীপুর;
- ০৫। পরিচালক, কম্পিউটার সেন্টার, ডুয়েট, গাজীপুর;
- (বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হইল);
- ০৬। কম্পট্রোলার (অতিরিক্ত দায়িত্ব), কম্পট্রোলার অফিস, ডুয়েট, গাজীপুর;
- ০৭। সংরক্ষণ নথি/গার্ড ফাইল/সকল নোটিশ বোর্ড।

২৪/৭/২৬

(অধ্যাপক ড. মোঃ মোস্তাকুর রহমান)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)

তারিখ : ২৬/০৭/২০২৬ খ্রি.

(মোঃ মফিজুর রহমান)

অতিরিক্ত রেজিস্ট্রার